# বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
www.bcc.gov.bd

স্মারক নম্বর: ৫৬.০১.০০০০.০০৫.১২.১৩০.২৫-১৩৫৪

তারিখ: ০৩ ভাদ্র ১৪৩২ বাং
১৮ আগস্ট ২০২৫খ্রি.

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি)-এর রাজস্ব খাতে নিম্নবর্ণিত শূন্য পদসমূহ পূরণের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্রম | পদের নাম | পদ সংখ্যা | বেতন স্কেল | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১. | কম্পিউটার অপারেটর | ০৪টি | ১১০০০-২৬৫৯০/- | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) সংশ্লিষ্ট বিষয়ে স্ট্যান্ডার্ড অ্যাপটিটিউড টেস্টে উত্তীর্ণ। |
| ২. | গাড়ি চালক | ০১টি | ৯৩০০-২২৪৯০/- | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) হালকা বা ভারী গাড়ি চালনার বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ হালকা বা ভারী গাড়ী চালনার অভিজ্ঞতা। |
| ৩. | ল্যাব সহকারী | ০২টি | ৯০০০-২১৮০০/- | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কম্পিউটার বিষয়ে অন্যূন ৬ (ছয়) মাসের সার্টিফিকেট কোর্সে উত্তীর্ণ। |
| ৪. | অফিস সহায়ক | ০২টি | ৮২৫০-২০০১০/- | কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

**আবেদনপত্র পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের জন্য নিম্নবর্ণিত শর্তাবলী অত্যাবশকীয়ভাবে অনুসরণীয়:**

১। সকল প্রার্থীকে অনলাইনে https://erecruitment.bcc.gov.bd সাইটের মাধ্যমে আগামী ১১ সেপ্টেম্বর ২০২৫ তারিখ রাত ১১:৫৯ মিঃ এর মধ্যে আবেদন করতে হবে। নির্ধারিত সময়ের পরে কোনো আবেদন গ্রহণ করা হবে না এবং অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে। অনলাইন ব্যতীত অন্য কোনো মাধ্যমে আবেদন গ্রহণ করা হবে না;

২। বয়সসীমা: ০১ আগস্ট ২০২৫ তারিখে প্রার্থীর বয়স ১৮-৩২ বছর হতে হবে। এস. এস. সি সনদের ভিত্তিতে বয়স নির্ধারণ করা হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়;

৩। পরীক্ষার ফি বাবদ সার্ভিস চার্জসহ ক্রমিক ০১নং পদের প্রার্থীদের ১৬৮/- (একশত আটষট্টি) টাকা, ক্রমিক ০২নং পদের প্রার্থীদের ১১২/- (একশত বারো) টাকা এবং ক্রমিক ০৩ হতে ০৪নং পদের প্রার্থীদের ৫৬/- (ছাপ্পান্ন) টাকা Rocket/bKash/Nagad-এর মাধ্যমে অনলাইনে (বিস্তারিত অনলাইন ফর্মে পাওয়া যাবে) পরিশোধ করতে হবে;

৪। আবেদনকারীকে সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, জাতীয় পরিচয়পত্রসহ অন্যান্য সকল সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) আপলোড করতে হবে;

৫। নিয়োগের ক্ষেত্রে বিসিসির চাকরি প্রবিধানমালা ও প্রযোজ্য ক্ষেত্রে সরকারের সর্বশেষ জারিকৃত বিধি-বিধান/নীতিমালা যথাযথভাবে অনুসরণ করা হবে;

৬। কোটা সংক্রান্ত সরকার কর্তৃক জারীকৃত সর্বশেষ প্রজ্ঞাপন অনুসরণ করা হবে;

৭। মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী এবং তৃতীয় লিঙ্গের প্রার্থীদের আবেদনের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ আপলোড করতে হবে;

৮। পরীক্ষা সংক্রান্ত সকল তথ্য যথাসময়ে ই-মেইল/মোবাইল নম্বরে এসএমএস/ওয়েবসাইটের মাধ্যমে জানানো হবে;

৯। নিয়োগ সংক্রান্ত যে কোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে;

১০। কোনো কারণ উল্লেখ ছাড়াই এ নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ সংশোধন/বাতিল করার ক্ষমতাসহ নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদ সংখ্যা দাপ্তরিক প্রয়োজন ও জনস্বার্থে কম/বেশী করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে;

১১। একজন প্রার্থী নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখিত যেকোন একটি পদে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে;

১২। মৌখিক পরীক্ষার সময় (ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত কপি (খ) পাসপোর্ট সাইজের ০৪কপি সত্যায়িত ছবি (গ) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (ঘ) নাগরিকত্ব সনদ (ঙ) প্রযোজ্য ক্ষেত্রে কোটার স্বপক্ষে সনদ দাখিল করতে হবে;

১৩। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষা গ্রহণকালে উক্ত কর্তৃপক্ষের অনাপত্তিপত্র দাখিল করতে হবে;

১৪। আবেদনকারীকে লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না;

১৫। অনলাইন আবেদন করতে কোনো সমস্যা হলে অফিস সময়ের মধ্যে (সকাল ৯:০০টা হতে বিকাল ৫:০০টা) জনাব তানিমুল বারী, টেকনিক্যাল স্পেশালিস্ট (মোবাইল: ০১৮৩৩৩০৩৭০৩)-এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

মোঃ জাকির হোসেন বাচ্চু
সচিব (উপসচিব)